গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.৩৫.০৩৫.২০১৬-১০৪৫ তারিখঃ ০৪/০৯/২০১৬

বিষয় ঃ ভিডিও কনফারেন্স-এ প্রদত্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন।

সূত্র ঃ (১) মন্ত্রিপরিষদ বিভাগ এস্মারক নং-২১৯; তারিখ ঃ ১৪/০৫/২০১৫।
(২) মন্ত্রিপরিষদ বিভাগ এর স্মারক নং-৭৮১, তারিখ ঃ ২৩/০৮/২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো। পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকরতঃ অগ্রগতির প্রতিবেদন ০৪/০৯/২০১৬ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪/০৯/২০১৬
(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৭২৩০
e-mail : lgd.upazila2@gmail.com

১. জেলা প্রশাসক, (সকল).............................।

অনুলিপি ঃ
১. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অতি জরুরী

স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা

বিষয় ঃ ভিডিও কনফারেন্স-এ প্রদত্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের পত্র সংখ্যা ০৪.৫১৪.০০৬.০৩.০০.০০.০০৯১৩-৭৮১ তারিখঃ ২৩/০৮/২০১৬ খ্রিঃ

মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রটি এ সাথে প্রেরণ করা হ'ল। পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করত: বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৪/০৯/২০১৬ তারিখের মধ্যে সমন্বয় ও কাউন্সিল শাখায় (সফট কপি ই-মেইলে) পেন ড্রাইভ/সিডিসহ প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি ঃ বর্ণনামতে---০২-------ফর্দ।

২৯/০৮/২০১৬

(মুহাম্মদ ইকবাল হুসাইন)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৫৫৭৬
E-Mail: Councillgd@yahoo.com

বিতরণঃ

০১। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
০২। উপপ্রধান, স্থানীয় সরকার বিভাগ।
০৩। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।
০৪। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি ঃ

১। অতিরিক্ত সচিব (সকল)/ মহাপরিচালক, স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্ম সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

ইউও নোট নং-৪৬.০০.০০০০.০৩৮.০১৬.০৮২.১৫.২৮৬ তাং- ২৯/০৮/২০১৬ খ্রিঃ

U O Note-Cabinet-1-154

উপজেলা-০২ শাখা
ডায়েরী নং ৭০৪
তারিখ: ৩১/০৮/১৬
সিঃ সহকারী সচিব/উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.৫১৪.০০৬.০৩.০০.০০.০০৯.১৩-৭৮১

তারিখ: ০৮ ভাদ্র ১৪২৩ / ২৩ আগস্ট ২০১৬

বিষয়: ভিডিও কনফারেন্স-এ প্রদত্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর ০৪.৫১৪.০০৬.০৩.০০.০০৯.২০১৩-২১৯, তারিখ: ১৪-০৫-২০১৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে মাননীয় প্রধানমন্ত্রী গত ১১-৫-২০১৫ তারিখে পঞ্চগড়, টাঙ্গাইল, গাইবান্ধা, ঠাকুরগাঁও, কিশোরগঞ্জ ও জামালপুর জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সঙ্গে ভিডিও কনফারেন্স করেছেন। উক্ত কনফারেন্সে সংশ্লিষ্ট জেলা উন্নয়ন সমন্বয় সভার বেশ কয়েকজন সদস্য স্ব স্ব জেলার জনগণের কিছু আশা-আকাঙ্ক্ষার বিষয় সম্পর্কে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় দৃষ্টি আকর্ষণ করলে মাননীয় প্রধানমন্ত্রী কতিপয় দিক্-নির্দেশনা প্রদান করেন। উক্ত দিক্-নির্দেশনা বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে গত ১৪ মে ২০১৫ তারিখে পত্র লেখা হয়।

০২। মাননীয় প্রধানমন্ত্রীর উপর্যুক্ত দিক্-নির্দেশনা/সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হল।

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং ২৭৫৬
তারিখ: ২৮/৮/১৬
স্বাক্ষর ....
(প্রশাসন)
-১/২/ জেপ

২৩/৮/১৬
(ড. ফারুক আহাম্মদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫১১০৭
ইমেইল: faco_sec@cabinet.com

সিনিয়র সচিব/সচিব
স্থানীয় সরকার বিভাগ মন্ত্রণালয়/বিভাগ

অনুলিপি:
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

ক্রমিক নং .... তারিখ ....
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো
যুগ্ম-সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (উপজেলা)
যুগ্ম-সচিব (অডিট)
যুগ্ম-সচিব
উপ-সচিব
সিঃ সঃ সচিব
পার্সোনাল অফিসার
অতিরিক্ত সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ

\\MYSRV\fa_coord_stask_branch\Video Conference\PM Video\Letter2016.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.৫১৪.০০৬.০৩.০০.০০.০০৯.১৩-২১৯

তারিখ: ৩১ বৈশাখ ১৪২২
১৪ মে ২০১৫

বিষয়: **ভিডিও কনফারেন্স-এ প্রদত্ত মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর ০৪.৫১৪.০০৬.০৩.০০.০০৯.২০১৩-৫৯ তারিখ: ১৫-০১-২০১৫

বর্তমান সরকারের মূল লক্ষ্য হচ্ছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশিত পথে এবং মহান মুক্তিযুদ্ধের চেতনার আলোকে ক্ষুধামুক্ত ও দারিদ্র্যমুক্ত সুখী সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা। জাতীয় পর্যায়ের সঙ্গে স্থানীয় পর্যায়ের যোগাযোগ বৃদ্ধি করা বর্তমান সরকারের অন্যতম কর্মকৌশল। সেই আলোকেই বিভিন্ন জেলার সঙ্গে মাননীয় প্রধানমন্ত্রীর ভিডিও কনফারেন্স-এর আয়োজন করা হচ্ছে। এ প্রেক্ষাপটে মাননীয় প্রধানমন্ত্রী গত ১১-৫-২০১৫ তারিখে পঞ্চগড়, টাঙ্গাইল, গাইবান্ধা, ঠাকুরগাঁও, কিশোরগঞ্জ ও জামালপুর জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সঙ্গে ভিডিও কনফারেন্স করেছেন। উক্ত কনফারেন্সে সংশ্লিষ্ট জেলা উন্নয়ন সমন্বয় সভার বেশ কয়েকজন সদস্য স্ব স্ব জেলার জনগণের কিছু আশা-আকাঙ্ক্ষার বিষয় সম্পর্কে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় দৃষ্টি আকর্ষণ করেন। এই পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী উক্ত কনফারেন্স-এ নিম্নোক্ত সদয় দিক-নির্দেশনা প্রদান করেন:

- সরকারের কূটনৈতিক তৎপরতার ফলে বাংলাদেশ ও ভারতের মধ্যে ১৯৭৪ সালে স্বাক্ষরিত স্থল সীমানা চুক্তি ভারতের পার্লামেন্ট কর্তৃক সমর্থিত হওয়ায় দীর্ঘ ৪০ বছরের অধিককাল যাবৎ অনিষ্পন্ন ছিটমহল সমস্যার সমাধান হচ্ছে। এ প্রেক্ষাপটে পঞ্চগড় এবং সীমান্তবর্তী যে সকল জেলায় ছিটমহল রয়েছে, সে সকল জেলার জেলা প্রশাসক, সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা এবং স্থানীয় জনপ্রতিনিধিগণকে ছিটমহলবাসীর আর্থ-সামাজিক উন্নয়ন এবং নিরাপত্তা নিশ্চিতকরণের সকল কার্যক্রম সমন্বিতভাবে এবং দ্রুততার সঙ্গে সম্পাদন করতে হবে;
- বাংলাবান্ধা স্থলবন্দরকে পূর্ণাঙ্গ স্থলবন্দরে উন্নীত করতে হবে। এ জন্য প্রয়োজনীয় অবকাঠামোর উন্নয়ন করতে হবে;
- পঞ্চগড় জেলার অর্গানিক চা বিশ্বব্যাপী সমাদৃত। এজন্য পঞ্চগড় জেলায় আরও চা বাগান সৃষ্টিতে বেসরকারি উদ্যোক্তাগণকে উৎসাহিত করতে হবে। এসব চায়ের মানোন্নয়নে এবং বাজার সৃষ্টিতে বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে;
- পঞ্চগড় জেলায় অপেক্ষাকৃত উঁচু ভূমি থাকায় এখানে বিভিন্ন ধরনের সবজি এবং লেবু জাতীয় ফল উৎপাদনের সুযোগ রয়েছে। এ ব্যাপারে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে;
- সাংস্কৃতিক কর্মকান্ড সম্প্রসারণের লক্ষ্যে টাঙ্গাইল জেলা শিল্পকলা একাডেমি এবং স্থানীয় মওলানা ভাসানী হলের শব্দযন্ত্র, শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, বৈদ্যুতিক ব্যবস্থা এবং অন্যান্য সরঞ্জাম ও অবকাঠামোর প্রয়োজনীয় সংস্কার সাধনের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে;
- ঢাকা-টাঙ্গাইল কমিউটার ট্রেন চালুর বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ছোট ছোট শাখা নদীগুলির নাব্যতা ফিরিয়ে আনা এবং নদী ভাঙ্গনরোধে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং এ বিষয়ে জেলা পরিষদ কর্তৃক গৃহীত কার্যক্রমে সম্ভাব্য সকল সহযোগিতা প্রদান করতে হবে;
- সামাজিক বনায়ন কর্মসূচি আরও সম্প্রসারিত ও কার্যকর করতে হবে এবং সামাজিক বনায়নের উপকারভোগীদের প্রাপ্য অর্থ যথাযথভাবে প্রদান করতে হবে;

- বনভূমি রক্ষাকল্পে করাত কল স্থাপনের সঙ্গে সংশ্লিষ্ট কার্যক্রম নিয়মিতভাবে পরিবীক্ষণ করতে হবে;
- ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের উৎসাহিত করে মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে তুলতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে এসএমই ফাউন্ডেশনের সহায়তা নেওয়া যেতে পারে;
- টাঙ্গাইল জেলায় মশলা উৎপাদনের প্রচুর সম্ভাবনা রয়েছে। মশলা উৎপাদনে বাংলাদেশ ব্যাংক ২% হারে ঋণ দিয়ে থাকে। টাঙ্গাইল জেলার কৃষকগণ বিশেষত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্যগণ যাতে এ সুবিধা গ্রহণ করতে পারেন, তা নিশ্চিত করতে হবে;
- অগ্রাধিকারের ভিত্তিতে প্রকল্প গ্রহণ করতে হবে। চলমান উন্নয়ন প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে সমাপ্ত করতে হবে;
- টাঙ্গাইল সরকারি মেডিক্যাল কলেজের কার্যক্রম গতিশীল রাখতে হবে;
- সন্ত্রাস, নাশকতা এবং জঙ্গী তৎপরতা প্রতিরোধ করতে হবে;
- নদীভাঙ্গনে ক্ষতিগ্রস্ত ও ভূমিহীন ব্যক্তিদেরকে খাসজমির বন্দোবস্ত প্রদান করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে গৃহহীনদেরকে আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে সহায়তা প্রদান করতে হবে। একটি মানুষও যাতে গৃহহীন না থাকে তা নিশ্চিত করতে হবে। জমি আছে ঘর নেই-এমন পরিবারসমূহকে 'গৃহায়ন তহবিল' কর্মসূচির আওতায় ঋণ-সহায়তা প্রদান করতে হবে; এবং
- ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করার লক্ষ্যে জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাগণকে স্ব স্ব দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে।

০২। মাননীয় প্রধানমন্ত্রীর উপর্যুক্ত দিক্-নির্দেশনাসমূহের মধ্যে তাঁর মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর-সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ, গৃহীত কার্যক্রম নিয়মিতভাবে পরিবীক্ষণ এবং এ সংক্রান্ত অগ্রগতি প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব (মাপ্রসম)
ফোন: ৯৫৫১১০৭
ইমেইল: faco_sec@cabinet.com

: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

ব সচিব, ভূমি/স্বরাষ্ট্র মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়

স্থ্য ও পরিবার কল্যাণ/নৌ-পরিবহন/শিক্ষা/প্রাথমিক ও গণশিক্ষা/কৃষি/পরিবেশ ও বন/প্রাণি সম্পদ/রেলপথ/সংস্কৃতি ল্প মন্ত্রণালয়/স্থানীয় সরকার/ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

শনার (সকল)।

সকল)।

র্যালয়।